

কাঁটাতারের এপার থেকে

সিরাজুদ্দৌলাহ বাহার



এপারে কিংকরপুর, সতীতলা
ওপারে মহিমাগঞ্জ তার অতীত মহিমা নিয়ে দাঁড়িয়ে রয়েছে-
মাঝ দিয়ে কাঁটাতার নদী ।

সতীতলায় এসে আমি থমকে যাই
যেন কোন সক্রম কান্না শুনতে পাই-
আর দেখি সজ্জিত চন্দন চিতার চারপাশে
পৌরুষ-পৌরোহিত্যের ভীড়ে-
আমিও দাঁড়িয়ে থাকি অসহায়
কাঁটাতার নদীটির তীরে-
আমার সম্মুখে হায় বৈধব্যের দেহ জ্বলে
লেলিহান অগ্নিশিখায়!

গাছ থেকে গাছে উড়ে উড়ে
মরার কোকিল ডাকে কিংকরপুরে,
আর মৌন মহিমাগঞ্জ অতীত মহিমা নিয়ে ঠায় দাঁড়িয়ে থাকে-
অশ্রুধারার মত মাঝ দিয়ে কাঁটাতার নদী বয়ে যায় ।

Rb#
26 GwCj 1964
~rb
dj Qwo, M#BevÜv, evsj vt` k
Kve`M#s'
I nvl qv I Av` g
L#KzAvi tde`qwi
hgbrq tfvi Av#m
†KD GKRb ej †Q †Zvgv†K
thvM#thvM
gfV#dib
01732366898
B-†gBj
serajbahar@gmail.com

১৭/০৬/২০১০, গাইবান্ধা, বাংলাদেশ